

স্মারক নম্বর: ১২.০৫.০০০০.০০৫.৭০.০০১.১৭.৫১৫

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৬

৩০ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: বঙ্গবন্ধু কৃষি পুরস্কার সম্মাননা স্মারক প্রদান প্রসঙ্গে।

সূত্র: আপনার ০১/০৯/২০১৯ তারিখের পত্র মোতাবেক।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কৃষি উন্নয়নে অবদানের জন্য প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র বিগত ১৪০৬ বঙ্গাব্দে “বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার” হিসেবে স্বর্ণপদক পায়। সে ধারাবাহিকতায় স্বর্ণপদক প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে বিগত ২২/০৮/২০১৯ তারিখে কৃষি তথ্য সার্ভিসের আয়োজনে মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় মহোদয় এক আড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে সম্মাননা স্মারক প্রদান করেন।

এ ব্যাপারে আমন্ত্রণপত্র প্রেরণের নিমিত্ত যোগাযোগের জন্য প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র এর ওয়েবসাইটে প্রদত্ত ফোন নম্বরে (৮০১৫৮২১ ও ৮০১৫৯৪৫) কল করলে বক (Dead) পাওয়া যায়। এছাড়া প্রশিকার ওয়েবসাইটের ম্যানেজমেন্ট পেইজে প্রধান নির্বাহী হিসেবে জনাব মো: সিরাজুল ইসলাম এর ছবি সম্বলিত নাম পাওয়া যায়, যা এখনো দৃশ্যমান রয়েছে (কপি সংযুক্ত-১৫ পৃষ্ঠা, প্রিন্ট করার তারিখ: ১৭/০৯/২০১৯)।

উপরোক্ত প্রেক্ষাপটে আমন্ত্রণ পত্রটি প্রশিকার প্রধান কার্যালয়ে প্রেরণ করা হলে প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী হিসেবে জনাব মো: সিরাজুল ইসলাম উপস্থিত হয়ে সম্মাননা স্মারকটি গ্রহণ করেন।

সংযুক্ত : প্রশিকার ম্যানেজমেন্ট পেইজের প্রিন্ট কপি-১৫ পৃষ্ঠা।

৩০-৯-২০১৯

ড. মো. নুরুল ইসলাম  
পরিচালক

বিতরণ :

- ১) ড. কাজী ফারুক আহম্মদ, প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান, প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র মিরপুর ২, ঢাকা।
- ২) মাননীয় কৃষি মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) তথ্য অফিসার (কৃষি), কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা।
- ৫) জনাব বাদল চন্দ্র সরকার, টেকনিক্যাল পার্টিসিপেন্ট, খামারবাড়ি, ঢাকা - ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৬) অফিস কপি, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা।